

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮৮

২/ সালাত (নামায) (১লান্টা)

পরিচ্ছেদঃ এই বিষয়ে আরেকটি অনুচ্ছেদ।

باب مِنْهُ أَيْضًا

## আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مُوسَى، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَة، حَدَّثَنَا خَالِدُ بْنُ إِلْيَاسَ، عَنْ صَالِحٍ، مَوْلَى اللّه عليه وسلم يَنْهَضُ فِي الصَّلاَةِ عَلَى اللّهُ عليه وسلم يَنْهَضُ فِي الصَّلاَةِ عَلَى صُدُورِ قَدَمَيْهِ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي هُرَيْرَةَ عَلَيْهِ الْعَمَلُ عِنْدَ أَهْلِ الْعِلْمِ يَخْتَارُونَ صَدُورِ قَدَمَيْهِ . وَخَالِدُ بْنُ إِلْيَاسَ هُو ضَعِيفٌ عِنْدَ أَهْلِ الْعِلْمِ يَغْتَارُونَ عَلَى صَدُورِ قَدَمَيْهِ . وَخَالِدُ بْنُ إِلْيَاسَ هُو ضَعِيفٌ عِنْدَ أَهْلِ الْحَدِيثِ . قَالَ وَيُقَالُ خَالِدُ بْنُ إِيَاسٍ أَيْضًا . وَصَالِحٌ مَوْلَى التَّوْأَمَةِ هُو صَالِحُ بْنُ أَبِي صَالِحٍ اسْمُهُ نَبْهَانُ وَهُو مَدَنِيٌّ .

## বাংলা

২৮৮. ইয়াহইয়া ইবনু মূসা (রহঃ) ..... আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পায়ের অগ্রভাগে ভর দিয়ে সালাতের সিজাদ থেকে দাঁড়াতেন। - ইরওয়া ৩৬২, তিরমিজী হাদিস নম্বরঃ ২৮৮ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ আলিমগণ আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত এই হাদিস অনুসারে আমল করেছেন। পায়ের অগ্রভাগের উপর ভর দিয়ে সালাতের সিজাদ থেকে দাঁড়ান পছন্দীয় বলে তাঁরা সিদ্ধান্ত দিয়েছেন। হাদিস বিশেষজ্ঞগণের মতে এই হাদীছের রাবী খালিদ ইবনু ইলয়াস যঈফ। তাকে খালিদ ইবনু ইয়াসও বলা হয়। আযাদকৃত দাস রাবী সালিহ হলেন সালিহ ইবনু আবূ সালিহ। এই আবূ সালিহের নাম হল নাবহান। তিনি ছিলেন মাদানী।

## **English**

Abu Hurairah narrated:

"Allah's Messenger would get up during his Salat on the tips of his feet."



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন